



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে জঙ্গিবাদ বিরোধী সেমিনার অনুষ্ঠিত



৯ জানুয়ারি ২০২২, রবিবার সকাল ১১.৩০টায় সুচিন্তা ফাউন্ডেশনের আয়োজনে ‘জাগো তারুণ্য রুখো জঙ্গিবাদ’ শ্লোগানকে সামনে রেখে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে জঙ্গিবাদ বিরোধী এক সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে আলোচকের বক্তব্যে জঙ্গিবাদ বিরোধী সচেতনামূলক বক্তব্য প্রদান করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ।

এছাড়াও সেমিনারে বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতির সভাপতি ফরিদ আহমেদ, বাংলাদেশ ব্লু-ইকোনোমি ক্যাম্পেইনের নির্বাহী পরিচালক প্রকৌশলী মাহবুবুর রহমান হেলাল, বাংলাদেশ আওয়ামী লীগের আইন বিষয়ক উপ-কমিটির সদস্য এ্যাডভোকেট নাসরিন সিদ্দিকা লিনা, বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ, ঢাকা মহানগর (দক্ষিণ)-এর সভাপতি ও জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাবেক সভাপতি মো. কামরুল হাসান রিপন আলোচক হিসেবে গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন।

সেমিনারে আলোচকগণ বর্তমান সরকারের জঙ্গিবাদ বিরোধী বিভিন্ন কার্যক্রমের দিক তুলে ধরেন। সেই সাথে শুধুমাত্র জঙ্গিদের শাস্তির আওতায় আনলেই জঙ্গিবাদ



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



নির্মূল করা সম্ভব নয় বলে মতামত ব্যক্ত করেন। এর সাথে সাথে জর্জিবাদের উসকানিদাতা ও পৃষ্ঠপোষকদের শাস্তির আওতায় আনার জোড় দাবি জানান।

এছাড়াও বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মোস্তফা কামাল, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোঃ ইব্রাহিম ফরাজী ও সাধারণ সম্পাদক আকতার হোসেন বক্তব্য প্রদান করেন। সেমিনারটি সঞ্চালনা করেন 'আজ সারাবেলা'র সম্পাদক জব্বার হোসেন এবং সমন্বয়কের দায়িত্বে ছিলেন সুচিন্তা ফাউন্ডেশন এর পরিচালক কানতারা খান।

এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক,সহকারী প্রক্টর, শিক্ষার্থী ও ছাত্রনেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। উপস্থিত শিক্ষার্থীসহ সবাই এসময় জর্জিবাদ বিরোধী শপথ গ্রহণ করেন।